বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০৪.২২-৪০। বাংলাদেশ নির্বাচন কমিশন স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১০ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.২৫৩ নং স্মারকমূলে জারিকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপ-বিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত পৌরসভার নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত ০১(এক) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৫ এপ্রিল, ২০২৩ খ্রি. হতে ২৯ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো:

**"তফসিল"**

| ক্রম | জেলার নাম | পৌরসভার নাম | পদের নাম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বরগুনা | আমতলি | ০২ নং ও ০৮ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর | জনাব আরিফুর রহমান<br>জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমতলি চৌকি, বরগুনা |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেট দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করত: সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail address: ds_law@ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন:

"ছক"

জেলার নাম:... পৌরসভার নাম:...

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরগুনাকে অনুরোধ করা হলো।

৫। উক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, বরগুনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার, বরগুনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

19.08.2024

(মোঃ আব্দুছ সালাম)
উপসচিব (আইন)
ফোন : ০২-৫৫০০৭৫৩৬
E-mail: ds_law@ecs.gov.bd

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৩.২২-৪০ তারিখ: ১৭ এপ্রিল, ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা

৪. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৫. জেলা ও দায়রা জজ, বরগুনা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাব/কোস্ট গার্ড, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, বরিশাল
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. উপমহাপুলিশ পরিদর্শক, বরিশাল
১২. জেলা প্রশাসক, বরগুনা
১৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরগুনা
১৪. পুলিশ সুপার, বরগুনা
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা নির্বাচন অফিসার, বরগুনা
১৮. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস) তেঁজগাও, ঢাকা [**অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ১০(দশ) কপি সরকারি কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**
১৯. জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, আমতলি চৌকি, বরগুনা
২০. উপজেলা নির্বাহী অফিসার,......(সংশ্লিষ্ট)
২১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,......(সংশ্লিষ্ট)
২২. সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-২)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. রিটার্নিং অফিসার,........(সংশ্লিষ্ট)
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ...........(সংশ্লিষ্ট)
২৮. অফিসার ইনচার্জ,.........................(সংশ্লিষ্ট)
২৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

17.04.2023

(মোছাঃ শাহীনুর আক্তার)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭